# SRIPAT SINGH COLLEGE, JIAGANJ, MURSHIDABAD

## NOTICE

**No: 134 Dated 12 August 2026**

অ্যাকাডেমিক ব্যাংক অব ক্রেডিট (ABC ID) / APAAR ID Registration (নিবন্ধন)

২০২৬–২৭ শিক্ষাবর্ষে প্রথম সেমিস্টারে ভর্তি হওয়া সকল UG ছাত্রছাত্রীকে জানানো যাচ্ছে যে, কল্যাণী বিশ্ববিদ্যালয়ের নির্দেশ অনুযায়ী প্রত্যেক ছাত্রছাত্রীর জন্য Academic Bank of Credits (ABC) ID, যা APAAR (Automated Permanent Academic Account Registry) ID নামেও পরিচিত, তৈরি করা বাধ্যতামূলক। জাতীয় শিক্ষানীতি (NEP) ২০২০-এর নির্দেশনা অনুযায়ী, ABC ID/APAAR ID প্রত্যেক ছাত্রছাত্রীর একটি স্বতন্ত্র শিক্ষাগত পরিচয় হিসেবে কাজ করে। এর মাধ্যমে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অর্জিত শিক্ষাগত ক্রেডিট সংরক্ষণ, স্থানান্তর এবং পরবর্তীতে তার স্বীকৃতি পাওয়া সহজ হয়। উচ্চশিক্ষায় ক্রেডিটের ধারাবাহিকতা বজায় রাখা এবং বিভিন্ন পর্যায়ে পড়াশোনার সুযোগ গ্রহণের ক্ষেত্রেও এই ID গুরুত্বপূর্ণ। তাই, সকল ছাত্রছাত্রীকে যত দ্রুত সম্ভব ABC ID/APAAR ID তৈরি করে তার প্রমাণস্বরূপ একটি প্রিন্ট কপি ৩১.০৮.২০২৬ তারিখের মধ্যে কলেজে নিজের বিভাগে জমা দেওয়ার জন্য নির্দেশ দেওয়া হচ্ছে।

গুরুত্বপূর্ণ নির্দেশাবলি

- ২০২৬–২৭ শিক্ষাবর্ষে ভর্তি হওয়া সকল প্রথম সেমিস্টারের ছাত্রছাত্রীর জন্য ABC ID/APAAR ID তৈরি করা বাধ্যতামূলক।
- তৈরি করা ABC ID/APAAR ID-এর নিবন্ধন/নিশ্চিতকরণের প্রিন্ট কপি ৩১.০৮.২০২৬-এর মধ্যে কলেজ নিজের বিভাগে জমা দিতে হবে।
- বৈধ ও যাচাইকৃত ABC ID/APAAR ID না থাকলে প্রথম সেমিস্টারের পরীক্ষার অ্যাডমিট কার্ড প্রদান করা হবে না।
- কোনো অসুবিধা হলে বিভাগীয় প্রধানদের সাথে যোগাযোগ করার নির্দেশ দেওয়া হচ্ছে।

ABC ID/APAAR ID তৈরির পদ্ধতি

১. সরকারি ABC পোর্টালে প্রবেশ করুন: www.abc.gov.in
২. "My Account"-এ ক্লিক করে "Student" নির্বাচন করুন।
৩. DigiLocker-এর মাধ্যমে অথবা "Meri Pehchaan" পোর্টালের সাহায্যে সাইন ইন করুন।
৪. আপনার মোবাইল নম্বর/আধার-সংযুক্ত তথ্য প্রদান করে প্রাপ্ত OTP-এর মাধ্যমে যাচাই সম্পন্ন করুন।
৫. সরকারি নথি অনুযায়ী প্রয়োজনীয় ব্যক্তিগত ও শিক্ষাগত তথ্য সঠিকভাবে পূরণ করুন।
৬. প্রতিষ্ঠানের তালিকা থেকে Sripat Singh College এবং বিশ্ববিদ্যালয়ের তালিকা থেকে University of Kalyani নির্বাচন করুন।
৭. সমস্ত তথ্য যাচাই করে আবেদনটি জমা দিন। সফলভাবে প্রক্রিয়াটি সম্পন্ন হলে আপনার ABC ID/APAAR ID তৈরি হবে।
৮. তৈরি হওয়া ABC ID/APAAR ID বা নিবন্ধন নিশ্চিতকরণের প্রিন্ট কপি নিয়ে ৩১.০৮.২০২৬-এর মধ্যে কলেজে নিজের বিভাগে জমা দাও।
৯. বিস্তারিত জানতে কলেজ Website (www.sripatsinghcollege.edu.in) দেখতে পারো।

সকল ছাত্রছাত্রীকে বিষয়টিকে অত্যন্ত জরুরি হিসেবে বিবেচনা করে নির্ধারিত সময়সীমার মধ্যে ABC ID/APAAR ID তৈরির প্রক্রিয়া সম্পূর্ণ করার জন্য নির্দেশ দেওয়া হচ্ছে। নির্ধারিত সময়ের মধ্যে এই নির্দেশ পালন না করলে আসন্ন প্রথম সেমিস্টার পরীক্ষার অ্যাডমিট কার্ড প্রদান স্থগিত রাখা হতে পারে University এর নির্দেশ অনুযায়ী।

12.08.26

DR. KAMAL KRISHNA SARKAR
Principal
Sripat Singh College
Jiaganj, Murshidabad